

11th Round of Foreign Office Consultations between India and Switzerland

August 02, 2022

ভারত ও সুইজারল্যান্ডের মধ্যে একাদশতম দফার বিদেশ দফতর শলাপরামর্শ

অগাস্ট 02,2022

02 আগাস্ট2022 নিউ দিল্লিতেভারত ও সুইজারল্যান্ডের মধ্যে একাদশতম বিদেশ দফতর শলাপরামর্শ(এফওসি) অনুষ্ঠিত হয়েছে। এই শলাপরামর্শে যুগ্মভাবে সভাপতিত্ব করেন বিদেশ মন্ত্রকের সচিব (পশ্চিম) শ্রী সঞ্জয় ভার্মা এবং সুইজারল্যান্ডের ফেডারেল ডিপার্টমেন্টে অফ ফরেন অ্যাফেয়ার্স (এফডিএফএ)- এর সচিব মাননীয়া লিভিয়া লিউ।

2. শলাপরামর্শ চলাকালীন দুই পক্ষই বিস্তৃতভাবে দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে পর্যালোচনা করেছে। তারা দীর্ঘকাল দুই দেশের মধ্যে থাকা গতিশীল অংশীদারিত্বের কথা উল্লেখ করেছেন এবং ভবিষ্যতের দিকে নজর রেখে তা এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারে সহমত হয়েছেন। দুই দেশের মধ্যে বাৎসরিক বাণিজ্য 30বিলিয়ন আমেরিকান ডলার ছাপিয়ে যাওয়ার ব্যাপারে দুপক্ষই তার প্রশংসা করেছে এবং এই বাণিজ্যে আরও বৈচিত্র আনার বিষয়ে সহমত হয়েছে। 330টির বেশী সুইজারল্যান্ডের কোম্পানি ভারতের বিভিন্ন সেক্টরে রয়েছে যেমন ইঞ্জিনিয়ারিং, পরিষেবা, প্রেসিশন ইন্সট্রুমেন্ট, রসায়নিক ও ফার্মাসিউটিক্যাল ইত্যাদি। তেমনি সুইজারল্যান্ডের বিভিন্ন সেক্টরে ভারতীয় কোম্পানি উপস্থিত রয়েছে যেমন আইটি, ফার্মাসিউটিক্যালস, মেশিনারি ইত্যাদি।

3.দুপক্ষই ভারত-সুইজারল্যান্ডের মধ্যে হওয়া দ্বিপাক্ষিক বিনিয়োগ চুক্তি এবং ভারত-ইএফটিএ বাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি (টিইপিএ)-র অগ্রগতির খতিয়ান নিয়েছে এবং তা শীঘ্রই শেষ করার বিষয়ে সহমত হয়েছে। উদ্ভাবন, ডিজিটালকরণ, পর্যটন, দক্ষতার উন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তি এবং শিল্প ও সংস্কৃতি বিষয়ে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করার ব্যাপারেও আলোচনা হয়েছে।

4.দুই পক্ষ বিভিন্ন বহুপাক্ষিক ও আঞ্চলিক বিষয় এবং ইউএন -এ সহযোগিতা সহ ভারতের আসন্ন জি20 সভাপতিত্ব এবং ইউক্রেনের বর্তমান পরিস্থিতি নিয়ে মত বিনিময় করেছে। উভয় পক্ষই ইউএন এবং অন্যান্য বহুপাক্ষিক বিষয় নিয়ে নিয়মিত শলাপরামর্শ করার ব্যাপারে একমত হয়েছে।

5.উভয় পক্ষ সাংস্কৃতিক সম্পর্ক এবং জনগণের সাথে জনগণের সম্পর্ক আরও দৃঢ় করতে এবং কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বর্ষপূর্তি উপলক্ষে আগামী বছরে এক উৎসবের মাধ্যমে তা উদযাপন করতে সহমত হয়েছেন।

6. দ্বিপাক্ষিক সম্পর্কের গতিবেগ বজায় রাখতে দু পক্ষই উচ্চ পর্যায়ের বিনিময় চালিয়ে যেতে এবং প্রাতিষ্ঠানিক কর্মপ্রক্রিয়া যেমন যৌথ অর্থনৈতিক কমিশন এবং রেলওয়ে ও পরিবেশ নিয়ে যৌথ কমিশন-এ নিয়মিতভাবে বৈঠক করতে এবং ফাইন্যান্স নিয়ে সংলাপ নিয়মিত ভাবে চালিয়ে যেতে সহমত হয়েছে।

7. বন্ধুত্বপূর্ণ পরিবেশে আলোচনা সম্পন্ন হয়েছে। পরবর্তী দফার শলাপরামর্শ দুপক্ষের পক্ষে সুবিধাজনক কোন সময়ে সুইজারল্যান্ডের বার্নে আয়োজন করার ব্যাপারে উভয় পক্ষ একমত হয়েছে।

নিউ দিল্লি
অগাস্ট 02,2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.